

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

পরিশিষ্ট-১ - ৭. দূতগণ (৩ الملوك)

(১) 'আমর বিন উমাইয়া যামরী : বাদশাহ নাজাশীর নিকট প্রেরিত হন। তিনি রাসূল (ছাঃ)-এর পত্র হাতে নিয়ে সিংহাসন থেকে নীচে নেমে মাটিতে বসেন। অতঃপর জা'ফর বিন আবু ত্বালিবের নিকটে কালেমা পাঠ করে ইসলাম কবুল করেন। তাঁর ইসলাম আমৃত্যু সুন্দর ছিল। (২) দেহিইয়াহ বিন খালীফাহ কালবী : রোম সম্রাট হেরাক্বল-এর নিকট প্রেরিত হন। (৩) আব্দুল্লাহ বিন হুযাফাহ সাহমী : পারস্যু সম্রাট কিসরার নিকট। (৪) হাত্বেব বিন আবু বালতা'আহ লাখমী : মিসর রাজ মুকাউকিস-এর নিকট। (৫) আমর ইবনুল 'আছ : ওমানের সম্রাট দুই ভাইয়ের নিকট। (৬) সালীত্ব বিন আমর 'আলাবী : ইয়ামামার শাসক হাওয়াহ বিন আলী-এর নিকট। (৭) শুজা' বিন ওয়াহাব আল-আসাদী : শামের বালকা-এর শাসক হারেছ বিন আবু শিম্র আল-গাসসানীর নিকট। (৮) মুহাজির বিন আবু উমাইয়াহ মাখযুমী : হারেছ আল-হিমইয়ারীর নিকট। (৯) 'আলা ইবনুল হাযরামী : বাহরায়েনের শাসক মুন্যির বিন সাওয়া আল-'আব্দীর নিকট। (১০) আবু মূসা আশ'আরী ও মু'আ্য বিন জাবাল : ইয়ামনবাসী ও তাদের শাসকদের নিকট প্রেরিত হন। তাদের শাসকবর্গসহ অধিকাংশ জনগণ ইসলাম কবুল করেন।[1]

ফুটনোট

[1]. নববী, তাহযীবুল আসমা ওয়াল লুগাত, তাহকীক : মুছত্বফা আব্দুল ক্লাদের 'আত্বা ১/৩৯ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5808

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন